# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারকনম্বর-উমা/পরী/কেন্দ্র/প.উ.শা.-০১/১২২/(২০৩)          তারিখ: ০১/ ০৬/২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার উপকরণাদি সরবরাহ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ৩০ জুন ২০২৪ রবিবার থেকে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মুল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্টায় বর্ণিত বিতরণের তারিখ সকাল ৯.৩০টায় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি (বিতরণ ও গ্রহণ) শাখা হতে সরবরাহ করা হবে। কেন্দ্র সচিব ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত প্রতিনিধি সিনিয়র কলেজের শিক্ষকের মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। **অফিস সহায়ক বা অফিস সহকারীর নিকট পরীক্ষার উপকরণাদি বিতরণ করা হবে'না।** শিক্ষক প্রতিনিধির মাধ্যমে উপকরণাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে কেন্দ্র সচিব কর্তৃক সত্যায়িত ভোটার আইডি কার্ডের ফটোকপি নমুনা স্বাক্ষর সম্বলিত ক্ষমতা অর্পনপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

**কেন্দ্রের কেন্দ্র সচিব সীল অবশ্যই সঙ্গে আনতে হবে। অস্পষ্ট সীল কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভারপ্রাপ্ত কেন্দ্র সচিব ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। যদি ভারপ্রাপ্ত কেন্দ্র সচিব নিজে আসতে না পারেন সে ক্ষেত্রে তাঁর মনোনীত সিনিয়র শিক্ষককে উপজেলা নির্বাহী কর্মকর্তা'র কাছ থেকে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িত'সহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। নতুবা সে সব কেন্দ্রের পরীক্ষার উপকরণাদি সরবরাহ করা হবে না।**

১. তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিজ ব্যয়ে নিরাপদে পরিবহনের ব্যবস্থা করতে হবে।

২. কেন্দ্রে পৌছার পর প্রাপ্ত উপকরণাদি প্রদত্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত অবস্থান (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনা পূর্বক ৭(সাত) দিনের মধ্যে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করে এবং উক্ত রিপোর্টের ১(এক)কপি পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।

৩. উদ্বৃত্ত মুল, অতিরিক্ত, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ভর্তিবস্তা, খালি বস্তাসহ সকল উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা শেষ হওয়ার পরে অপর পৃষ্টায় বর্ণিত তারিখ অনুযায়ী অবশ্যই অত্র বোর্ডের পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝিয়ে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে কিংবা মালামাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্বৃত উপকরণাদি (ট্রাংক/বস্তা) কোন ক্রমেই রেলওয়ে পার্শেল/ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠানো যাবেনা।

৪. সাদা মুল, অতিরিক্ত, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি, ব্যবহারিক উত্তরপত্র, সিকিউরিটি খাম ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ ) টাকা হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। সচিব, সোনালী সেবার মাধ্যমে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপর্যুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সীল ও স্বাক্ষর করে ফেরত দিতে হবে। কোন উত্তরপত্রের সেলাই খোলা থাকলেও কোনক্রমেই ষ্টাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরত দিতে হবে।

বি:দ্র: কোন অবস্থাতেই নির্ধারিত তারিখ ছাড়া অন্য কোন তারিখে মালামাল বিতরণ ও গ্রহণ করা হবে না। মুল উত্তরপত্র, নৈর্ব্যত্তিক, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র সমূহ প্রয়োজন অনুযায়ী ব্যবহার করে উদ্বৃত্ত উত্তরপত্র সমূহ যে অবস্থায় শিক্ষা বোর্ড থেকে গ্রহণ করেছেন, সেই অবস্থায় অপর পৃষ্ঠায় উল্লেখিত তারিখে অবশ্যই ফেরত দিতে হবে।

জেলাওয়ারী উপকরণাদি বিতরণের তারিখ ও বার

| ক্রমিক | জেলার নাম | বিতরণের তারিখ ও বার | ক্রমিক | জেলার নাম | বিতরণের তারিখ ও বার |
|---|---|---|---|---|---|
| ১. | সিরাজগঞ্জ | ০৫/০৬/২০২৪ বুধবার | ৫. | নওগাঁ | ১০/০৬/২০২৪ সোমবার |
| ২. | বগুড়া | ০৬/০৬/২০২৪ বৃহস্পতিবার | ৬. | জয়পুরহাট চাঁপাই নবাবগঞ্জ | ১১/০৬/২০২৪ মঙ্গলবার |
| ৩. | পাবনা | ০৮/০৬/২০২৪ শনিবার | ৭. | রাজশাহী | ১২/০৬/২০২৪ বুধবার |
| ৪. | নাটোর | ০৯/০৬/২০২৪ রবিবার | | | |

জেলাওয়ারী উপকরণাদি ফেরতের তারিখ ও বার

| ক্রমিক | জেলার নাম | ফেরতের তারিখ ও বার | ক্রমিক | জেলার নাম | ফেরতের তারিখ ও বার |
|---|---|---|---|---|---|
| ১. | সিরাজগঞ্জ | ২৫/০৮/২০২৪ রবিবার | ৫. | নওগাঁ | ৩১/০৮/২০২৪ শনিবার |
| ২. | বগুড়া | ২৭/০৮/২০২৪ মঙ্গলবার | ৬. | জয়পুরহাট চাঁপাই নবাবগঞ্জ | ০১/০৯/২০২৪ রবিবার |
| ৩. | পাবনা | ২৮/০৮/২০২৪ বুধবার | ৭. | রাজশাহী | ০২/০৯/২০২৪ সোমবার |
| ৪. | নাটোর | ২৯/০৮/২০২৪ বৃহস্পতিবার | | | |

০১/০৬/২০২৪

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী
☎ ০২৫৮৮-৮৫৬২৩১

প্রাপক
কেন্দ্র সচিব
.................................................................
কেন্দ্রের নাম ও কোড.........................................
জেলা...........................................................

স্মারকনম্বর-উমা/পরী/কেন্দ্র/প.উ.শা.-০১/১২২/(২০৩)/৮৬ তারিখঃ ০১/ ০৬/২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
২. জেলা প্রশাসক,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট।
৩. পুলিশ সুপার,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট।
৪. রাজশাহী বিভাগে জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(এইচএসসি), রাজশাহী শিক্ষা বোর্ড ।
৭. উপ-সচিব (ভান্ডার), রাজশাহী শিক্ষা বোর্ড।
৮. নিরাপত্তা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড ।
৯. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড ।
১০. পি.এস.টু চেয়ারম্যান, রাজশাহী শিক্ষা বোর্ড ।
১১. পি.সি, আনসার বাহিনী, রাজশাহী শিক্ষা বোর্ড।
১২. অফিস নথি।

০১.০৬.২৪

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উপকরণ)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী
☎ ০২৫৮৮-৮৫৫৪৭১